

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৬৭৭

আগরতলা, ২৪ জানুয়ারি, ২০২৪

রাজভবনে উত্তরপ্রদেশের পূর্ণরাজ্য দিবস পালিত



আজ সকালে রাজভবনে উত্তরপ্রদেশ রাজ্যের পূর্ণরাজ্য দিবস যথাযোগ্য মর্যাদায় পালন করা হয়। এই অনুষ্ঠানের উদ্বোধন করেন রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাথু। বক্তব্য রাখতে গিয়ে রাজ্যপাল উত্তরপ্রদেশ রাজ্যের সকল জনগণকে এই শুভদিন উপলক্ষে আন্তরিক অভিনন্দন জানান। তিনি বলেন, এই ধরনের কর্মসূচি উভয় রাজ্যের জনগণের মধ্যে সৌভ্রাতৃত্ববোধ ও একতাবোধের ভাবধারা তৈরি করবে। অনুষ্ঠান উপলক্ষে উপস্থিত ছিলেন সিআরপিএফ-এর ১২৪ ব্যাটেলিয়নের কমান্ডেন্ট মুকেশ ত্যাগি, এনআইটি আগরতলা এবং ত্রিপুরা কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ের ফ্যাকাল্টিগণ। অনুষ্ঠানের পর রাজ্যপাল তাদের সাথে মতবিনিময় করেন। অনুষ্ঠানে রাজ্যপালের উপসচিব রতন ভৌমিক সহ রাজভবনের বিভিন্ন স্তরের আধিকারিক ও কর্মচারীগণ উপস্থিত ছিলেন।

\*\*\*\*\*